# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৩.২০১৯. ২৬৭

তারিখঃ ১৪ চৈত্র ১৪৩০ বঃ / ২৮ মার্চ ২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ বীমা আইন সংশোধন, ২০২৪' এর প্রস্তুতকৃত খসড়ার ওপর মতামত।**

বীমাখাতের উন্নয়নের স্বার্থে ও বীমা গ্রাহকদের স্বার্থ যথাযথ সংরেক্ষনের লক্ষ্যে এবং অন্যান্য আইনের সাথে সাংঘর্ষিক বিষয় বিবেচনায় নিয়ে বীমা আইন, ২০১০ কে আরও যুগোপযোগী ও অধিকতর কার্যকরী করার লক্ষ্যে সংশোধনের কার্যক্রম গ্রহণ করা হয়। সংশোধনের লক্ষ্যে স্টেকহোল্ডারদের নিকট হতে বিভিন্ন সময়ে প্রাপ্ত মতামত এবং অন্যান্য দেশের আইন পর্যালোচনাপূর্বক এর বিভিন্ন ধারায় সংশোধন/সংযোজন ও বিয়োজনের প্রস্তাবনা প্রস্তুত করা হয়েছে **(সংযুক্ত)**। প্রস্তুতকৃত সংশোধনী খসড়া বিষয়ে সংশ্লিষ্ট অংশীজন/বিশেষজ্ঞ/জনসাধারণের সুচিন্তিত মতামত ১৫ কার্যদিবসের মধ্যে আগামী ২৪ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে সফট কপি (মাইক্রোসফট ওয়ার্ডে নিকস ফন্টে) এবং হার্ডকপি (পিডিএফ) বর্ণিত ই-মেইলে (officerlaw@idra.org.bd প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২.০ উল্লেখ্য, বর্ণিত ই-মেইল ব্যতিত সরাসরি হার্ডকপি গ্রহণযোগ্য এবং বর্ণিত তারিখের মধ্যে মতামত না পাওয়া গেলে আপত্তি/মতামত নাই মর্মে কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

**সংযুক্তি:** বর্ণনামতে।

২৮.৩.২০২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
২. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ ও নন-লাইফ বীমাকারী
৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৪. পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি

**অনুলিপি (সদয় অবগতির জন্য):-**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
২. চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৪. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৫. অফিস কপি

বীমা আইন ২০১০ এর সংশোধনী খসড়া এর উপর মতামত প্রদান।

| **ক্রম** | **আইনের ধারা** | **বর্তমান আইনের ধারা** | **সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব** |
|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** |
| ১. | ১(৩) | নতুন প্রস্তাব সংযোজন | (৩) আপাতত: বিদ্যমান অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে। |
| ২. | ২(১৮) | (১৮) " পরিবার" অর্থ স্বামী বা স্ত্রী , পিতা, মাতা , পুত্র , কন্যা , ভাই ও বোন এবং সংশ্লিষ্ট ব্যাক্তির উপর নির্ভরশীল সকলেই অন্তর্ভুক্ত হইবে; | ধারা-২: সংজ্ঞা। (১৮) "পরিবার" অর্থ স্বামী বা স্ত্রী, পিতা বা মাতা, নির্ভরশীল পুত্র অথবা কন্যা, নির্ভরশীল ভাই অথবা বোন এবং সংশ্লিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল প্রাকৃতিক ব্যক্তিস্বত্তার সকলেই অন্তর্ভুক্ত হইবে। |
| ৩. | <u>২(৪১)</u> | <u>নতুন প্রস্তাব সংযোজন</u> | (৪১)'মুখ্য নির্বাহী কর্মকর্তা' অর্থ বীমা আইন ২০১০ এর ধারা ৮০ এর অধীন নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যিনি কোম্পানী আইনের ধারা ২ এর উপধারা (১) এর (ঠ) এ বর্ণিত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে একই ব্যক্তি হইবেন। |
| ৪. | <u>২(৪২)</u> | <u>নতুন প্রস্তাব সংযোজন</u> | (৪২) "নিরপেক্ষ পরিচালক" অর্থ এইরূপ ব্যক্তি, যিনি বীমাকারীর ব্যবস্থাপনা ও শেয়ারধারক হইতে স্বাধীন এবং যিনি প্রযোজ্য আইন,বিধি ও প্রবিধান পরিপালন নিশ্চিত করে বীমাকারীর স্বার্থ সংশ্লিষ্ট মতামত প্রদান করিবেন। কেবল বীমাকারীর স্বার্থে স্বীয় মতামত প্রদান করিবেন এবং বীমাকারীর বা বীমাকারী সংশ্লিষ্ট ব্যক্তির সহিত যাহার অতীত, বর্তমান বা ভবিষ্যত কোন প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নাই। |
| ৫. | <u>২(৪৩)</u> | <u>নতুন প্রস্তাব সংযোজন</u> | (৪৩)"কর্পোরেট এজেন্ট" অর্থ কোম্পানী পর্যায়ভূক্ত কোন বীমা এজেন্ট। |
| ৬. | <u>২(৪৪)</u> | <u>নতুন প্রস্তাব সংযোজন</u> | (৪৪)"ব্যাংকাসুরেন্স" অর্থ এমন একটি পদ্ধতি যার আওতায় কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বীমাকারীর কর্পোরেট এজেন্ট হিসেবে কার্যক্রম পরিচালনা করে। |
| ৭. | <u>২(৪৫)</u> | <u>নতুন প্রস্তাব সংযোজন</u> | (৪৫)"ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান" অর্থ মাইক্রোক্রেডিট রেগুলেটোরি অথরিটি আইন এর ধারা ২ (২১) এ উল্লিখিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠাণ। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮. | ৪(১)(গ) | (গ) বাংলাদেশের বাহিরে কোন দেশের আইনের অধীন সংবিধিবদ্ধ এমন কোন বীমা সংস্থা , যাহা কোন প্রাইভেট কোম্পানী নহে অথবা প্রাইভেট কোম্পানীর সাবসিডিয়ারী নহে। | (গ) বাংলাদেশের বাহিরে কোন দেশের আইনের অধীন সংবিধিবদ্ধ এমন কোন বীমা প্রতিষ্ঠান **যা সংশ্লিষ্ট দেশের আইনের আওতায় পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে গণ্য হইবে এবং ঐদেশের বা অন্য কোন দেশের প্রাইভেট লিমিটেড কোম্পানীর সাবসিডিয়ারি হিসেবে বিবেচিত নহে।** |
| ৯. | ধারা ৭ | **৭। ইসলামী বীমা ব্যবসা।-** এই আইন কার্যকর হইবার পূর্বে Insurance act , 1938 এর অধীন নিবন্ধিত যেই সকল বীমাকারী বীমা ব্যবসা পরিচালনা করিত , সেই সকল বীমাকারী এবং ইসলামী বীমা ব্যবসা পরিচালনায় আগ্রহী যে কোন ব্যক্তি বা কোম্পানী এই আইনের অন্যান্য বিধান এবং কর্তৃপক্ষের নিকট হইতে অনুমতি প্রাপ্তি সাপেক্ষে, যে কোন শ্রেনীর বা উপ-শ্রেনীর বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবেঃ<br>তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি বা কোম্পানী একই সঙ্গে প্রচলিত নন-লাইফ বীমা ব্যবসা এবং ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবে না।<br>(২) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে যে সকল বীমাকারী প্রচলিত নন-লাইফ বীমা ব্যবসার সহিত একই সঙ্গে ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করিত, সেই সকল বীমাকারী এই আইন কার্যকর হইবার পর প্রচলিত বীমা ব্যবসা এবং ইসলামী বীমা ব্যবসা এর মধ্য হইতে যে কোন এক ধরনের বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবেঃ<br>তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ গঠিত হইবার অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে উক্তরূপ বীমাকারী | **৭। ইসলামী বীমা ব্যবসা।-** এই আইন কার্যকর হইবার পূর্বে Insurance act , 1938 এর অধীন নিবন্ধিত যেই সকল বীমাকারী বীমা ব্যবসা পরিচালনা করিত ,সেই সকল বীমাকারী এবং ইসলামী বীমা ব্যবসা পরিচালনায় আগ্রহী যে কোন ব্যক্তি বা কোম্পানী এই আইনের অন্যান্য বিধান এবং কর্তৃপক্ষের নিকট হইতে অনুমতি প্রাপ্তি সাপেক্ষে, যে কোন শ্রেনীর বা উপ-শ্রেনীর বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবেঃ<br>তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি বা কোম্পানী একই সঙ্গে প্রচলিত বীমা ব্যবসা এবং ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবে না।<br>(২) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে যে সকল বীমাকারী প্রচলিত বীমা ব্যবসার সহিত একই সঙ্গে ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করিত, সেই সকল বীমাকারী এই আইন কার্যকর হইবার পর প্রচলিত বীমা ব্যবসা এবং ইসলামী বীমা ব্যবসা এর মধ্য হইতে যে কোন এক ধরনের বীমা ব্যবসা পরিচালনা করিতে পারিবেঃ<br>তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ গঠিত হইবার অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে উক্তরূপ বীমাকারী কোন ধরনের বীমা ব্যবসা করিতে আগ্রহী তাহা লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করিবে।<br>(৩) উপধারা (২) এর শতাংশের অধীন কোন বীমাকারী যে ধরনের বীমা ব্যবসা পরিচালনার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিয়াছে, কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, সে ধরনের বীমা ব্যবসা অব্যাহত রাখিতে পারিবে এবং উহা ব্যতীত অন্য ধরনের বীমা ব্যবসা অব্যাহত রাখিতে পারিবে নাঃ<br>তবে শর্ত থাকে যে,উক্ত অন্য ধরনের বীমা ব্যবসার আওতায় ইতিপূর্বে |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | কোন ধরনের বীমা ব্যবসা করিতে আগ্রহী তাহা লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করিবে।<br>(৩) উপধারা (২) এর শতাংশের অধীন কোন বীমাকারী যে ধরনের বীমা ব্যবসা পরিচালনার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিয়াছে,কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে,সে ধরনের বীমা ব্যবসা অব্যাহত রাখিতে পারিবে এবং উহা ব্যতীত অন্য ধরনের বীমা ব্যবসা অব্যাহত রাখিতে পারিবে নাঃ<br>তবে শর্ত থাকে যে,উক্ত অন্য ধরনের বীমা ব্যবসার আওতায় ইতিপূর্বে ইস্যুকৃত বীমা পলিসিসমূহ দাবী পরিশোধ না হওয়া বা মেয়াদ অবসান না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। | ইস্যুকৃত বীমা পলিসিসমূহ দাবী পরিশোধ না হওয়া বা মেয়াদ অবসান না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। |
| ১০. | ৮(১) | **৮। নিবন্ধন সনদ,ইত্যাদি।**-(১) কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি এই আইনের অধীন বীমা ব্যবসা সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে নাঃ<br>তবে শর্ত থাকে যে, Insurance Corporation Act, 1973 এর অধীন গঠিত জীবন বীমা কর্পোরেশন এবং সাধারণ বীমা কর্পোরেশন বীমা ব্যবসা পরিচালনার জন্য এই আইনের অধীন নিবন্ধিত বলিয়া গণ্য হইবে। | **৮। নিবন্ধন সনদ,ইত্যাদি।**-(১) কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি এই আইনের অধীন বীমা ব্যবসা সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে নাঃ<br>তবে শর্ত থাকে যে, **বীমা কর্পোরেশন আইন, ২০১৯** এর অধীন গঠিত জীবন বীমা কর্পোরেশন এবং সাধারণ বীমা কর্পোরেশন বীমা ব্যবসা পরিচালনার জন্য এই আইনের অধীন নিবন্ধিত বলিয়া গণ্য হইবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১১. | ৯(৫) | **নতুন সংযোজন** | **(৫) কোম্পানী আইনে যাহা কিছুই থাকুক না কেন উপ-ধারা (১) এর অধীন নিবন্ধন সনদ প্রাপ্তির পরে কোন বীমা কোম্পানী যদি নাম পরিবর্তণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করিতে পারিবে।** |
| ১২. | ১৬(৫) | (৫) একচ্যুয়ারি কর্তৃক প্রদেয় প্রত্যায়নপত্র প্রবিধান দ্বারা নির্ধারিত ফরম অনুযায়ী হইবে। | ~~(৫) একচ্যুয়ারি কর্তৃক প্রদেয় প্রত্যায়নপত্র প্রবিধান দ্বারা নির্ধারিত ফরম অনুযায়ী হইবে।~~ বিয়োজন করা হয়েছে |
| ১৩. | ধারা ২০ (২) | **২০। বিদেশে পুনঃবীমা সংক্রান্ত বিধানাবলী।**– (১) প্রবিধান দ্বারা নির্ধারিত শর্ত সাপেক্ষে, কোন বীমাকারী বীমাপলিসি গ্রাহক এবং বীমাকারীর স্বার্থ নিশ্চিত হয় এইরূপ সম্পাদিত ও কার্যকর চুক্তি বা বীমা পলিসি হইতে উদ্ভূত বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে যে কোন দায় অন্য বীমাকারীর সহিত পুনঃবীমা করিতে পারিবে।<br><br>(২) কর্তৃপক্ষ, লিখিত নোটিশ দ্বারা, কোন পুনঃবীমাকারীকে, প্রয়োজনে পলিসি সংক্রান্ত দাবী মিটাইতে তাহার পর্যাপ্ত অর্থ ও সম্পদ আছে কি না সে সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দাখিল করিতে নির্দেশ দিতে পারিবে। | **পুনঃবীমা সংক্রান্ত বিধানাবলী।-** (১) প্রবিধান দ্বারা নির্ধারিত শর্ত সাপেক্ষে, কোন বীমাকারী বীমাপলিসি গ্রাহক এবং বীমাকারীর স্বার্থ নিশ্চিত হয় এইরূপ সম্পাদিত ও কার্যকর চুক্তি বা বীমা পলিসি হইতে উদ্ভূত বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে যে **দায় বা দায়ের অংশ যা বীমাকারীর গ্রহণের আর্থিক সক্ষমতা নেই সেই পরিমাণ দায়** বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে **অন্য বীমাকারীর সহিত পুনঃবীমা করিতে হইবে।**<br><br>(২) কর্তৃপক্ষ, লিখিত নোটিশ দ্বারা, কোন পুনঃবীমাকারীকে, প্রয়োজনে পলিসি সংক্রান্ত দাবী মিটাইতে তাহার পর্যাপ্ত অর্থ ও সম্পদ আছে কি না সে সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দাখিল করিতে **সময়ে সময়ে** নির্দেশ দিতে পারিবে। |
| ১৪. | ধারা ২১ (১) | ২১। মূলধন ও শেয়ারধারণ সম্পর্কিত পূরনীয় শর্ত।-(১) এই আইন বলবৎ হইবার পূর্বে বাংলাদেশে যে কোন শ্রেণীর বীমা ব্যবসায় নিয়োজিত ছিল এইরূপ বীমাকারী ব্যতীত, অন্য কোন বীমাকারী এই আইন বলবৎ হইবার পর কোন শ্রেণীর বীমা ব্যবসা পরিচালনার জন্য নিবন্ধীকৃত হইবে না, যদি তাহার | ২১। মূলধন ও শেয়ারধারণ সম্পর্কিত পূরনীয় শর্ত।-(১) এই আইন বলবৎ হইবার পূর্বে বাংলাদেশে যে কোন শ্রেণীর বীমা ব্যবসায় নিয়োজিত ছিল এইরূপ বীমাকারী ব্যতীত, অন্য কোন বীমাকারী এই আইন বলবৎ হইবার পর কোন শ্রেণীর বীমা ব্যবসা পরিচালনার জন্য নিবন্ধীকৃত হইবে না, যদি তাহার তফসিল ১ এ বিধৃত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে এবং তাহার শেয়ারসমূহ বিধি |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | তফসিল **১** এ বিধৃত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে এবং তাহার শেয়ারসমূহ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুযায়ী পরিশোধিত না হইয়া থাকে ঃ<br><br>তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধি বা হ্রাস করিতে পারিবে ঃ<br><br>আরো শর্ত থাকে যে, উদ্যোক্তাগণ নিবন্ধনের আবেদন করার পূর্বে পরিশোধিত মূলধনে তাহাদের নিজ নিজ অংশ দায় মুক্তভাবে বাংলাদেশে কোন তফসিলী ব্যাংকে কোম্পানীর নামে জমা করিবেন এবং উক্ত অর্থ দায়মুক্তভাবে জমা হিসাবে থাকিবে। | দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুযায়ী পরিশোধিত না হইয়া থাকে ঃ<br><br>তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধি বা হ্রাস করিতে পারিবে ঃ<br><br>আরো শর্ত থাকে যে, **বীমা কোম্পানির শেয়ারধারীগন** নিবন্ধনের আবেদন করার পূর্বে পরিশোধিত মূলধনে তাহাদের নিজ নিজ অংশ দায় মুক্তভাবে বাংলাদেশে **অনুমোদিত রেটিং প্রতিষ্ঠান কর্তৃক অনূন্য কমপক্ষে A রেটিং প্রাপ্ত বাংলাদেশের** কোন ব্যাংকে কোম্পানীর নামে জমা করিবেন এবং উক্ত অর্থ দায়মুক্তভাবে জমা হিসাবে থাকিবে। |
| ১৫. | ধারা ২১(৩) | (৩) এই আইন প্রবর্তনের পূর্বে বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে নিগমিত কোন বীমাকারীকে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও সময়সীমার মধ্যে উপ-ধারা (১) এর অধীনে উহার মূলধন থাকার শর্ত পূরণ করিতে হইবে। | ~~(৩) এই আইন প্রবর্তনের পূর্বে বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে নিগমিত কোন বীমাকারীকে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও সময়সীমার মধ্যে উপ-ধারা (১) এর অধীনে উহার মূলধন থাকার শর্ত পূরণ করিতে হইবে।~~<br><br>বিয়োজন করা হয়েছে |
| ১৬. | ধারা ২৭(১) | **হিসাব স্থিতিপত্র, ইত্যাদি।**-(১) এই আইনের অধীন প্রত্যেক বীমাকারী বাংলাদেশে উহার লেনদেনকৃত সকল শ্রেণীর বীমা ব্যবসার বিষয়ে প্রতি পঞ্জিকা বৎসর সমাপ্ত হইবার পর উক্ত বৎসরের জন্য নিম্নবর্ণিত বিবরণাদি প্রস্তুত করিবে, যথা:-<br><br>(ক) প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে এবং ছকে | **হিসাব স্থিতিপত্র, ইত্যাদি।-(১)** এই আইনের অধীন প্রত্যেক বীমাকারী বাংলাদেশে উহার লেনদেনকৃত সকল শ্রেণীর বীমা ব্যবসার বিষয়ে প্রতি পঞ্জিকা বৎসর সমাপ্ত হইবার পর উক্ত বৎসরের জন্য নিম্নবর্ণিত বিবরণাদি প্রস্তুত করিবে, যথা:-<br><br>(ক) **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে স্থিতিপত্র (Balance sheet); |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | স্থিতিপত্র (Balance sheet);<br><br>(খ) প্রবিধান দ্বারা নির্ধারিত ছক অনুযায়ী লাভ-ক্ষতির হিসাব;<br><br>(গ) যে বীমাকারীকে এই আইন অনুযায়ী বীমা ব্যবসার ধরন অনুযায়ী আয় ও ব্যয়ের পৃথক হিসাব সংরক্ষণ করিতে হয়, সেই বীমাকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রেণীর বা উপ-শ্রেণীর বীমা ব্যবসার জন্য প্রবিধান দ্বারা নির্ধারিত ফরমে একটি রাজস্ব হিসাব; এবং | (খ) **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে লাভ-ক্ষতির হিসাব;<br><br>(গ) যে বীমাকারীকে এই আইন অনুযায়ী বীমা ব্যবসার ধরন অনুযায়ী আয় ও ব্যয়ের পৃথক হিসাব সংরক্ষণ করিতে হয়, সেই বীমাকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রেণীর বা উপ-শ্রেণীর বীমা ব্যবসার জন্য **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত ফরমে একটি রাজস্ব (Revenue) হিসাব; এবং<br><br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে শেয়ারহোল্ডার ইক্যুইটির (Shareholder Equity) হিসাব;<br>(ঙ) কর্তপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে নগদ প্রবাহের (Cash Flow) হিসাব। |
| ১৭. | ২৯. | ২৯। বিশেষ নিরীক্ষা।-(১) এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনাকারী যে কোন বা সকল বীমা কোম্পানীর বীমা সংক্রান্ত সকল লেনদেন, রেকর্ডপত্র, দলিল দস্তাবেজ, সময় সময়, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে এক বা একাধিক নিরীক্ষক দ্বারা নিরীক্ষা করাইতে পারিবেঃ<br>তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন কোন বৎসরের হিসাব নিরীক্ষার জন্য নিযুক্ত নিরীক্ষক এবং ধারা ২৮ এর অধীন নিযুক্ত নিরীক্ষক একই ব্যক্তি হইতে পারিবে না। | ২৯। বিশেষ নিরীক্ষা।-(১) এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনাকারী যে কোন বা সকল বীমা কোম্পানীর বীমা সংক্রান্ত সকল লেনদেন, রেকর্ডপত্র, দলিল দস্তাবেজ, সময় সময়, **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে এক বা একাধিক নিরীক্ষক দ্বারা নিরীক্ষা করাইতে পারিবেঃ **সেইক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক বিশেষ নিরীক্ষার জন্য শুল্ক করাদিসহ খরচ বীমাকারী কর্তৃক প্রদান করিতে হইবে।**<br>তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন কোন বৎসরের হিসাব নিরীক্ষার জন্য নিযুক্ত নিরীক্ষক এবং ধারা ২৮ এর অধীন নিযুক্ত নিরীক্ষক একই ব্যক্তি হইতে পারিবে না। |
| ১৮. | ৩০(১),(৪),(৭) | **৩০। একচ্যুয়ারি প্রতিবেদন ও সংক্ষিপ্তসার।-(১)** লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনাকারী প্রত্যেক বীমাকারী বৎসরে অন্ততঃ একবার প্রবিধানে নির্ধারিত পদ্ধতিতে উহার দায়সমূহের মূল্যায়নসহ তদকর্তৃক | **৩০। একচ্যুয়ারি প্রতিবেদন ও সংক্ষিপ্তসার।-(১)** লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনাকারী প্রত্যেক বীমাকারী বৎসরে অন্ততঃ একবার **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে উহার দায়সমূহের মূল্যায়নসহ তদকর্তৃক পরিচালিত লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায়ের আর্থিক অবস্থা একজন একচ্যুয়ারি দ্বারা অনুসন্ধান |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | পরিচালিত লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায়ের আর্থিক অবস্থা একজন একচ্যুয়ারি দ্বারা অনুসন্ধান করাইবে এবং অনুসন্ধান কার্য সম্পর্কে প্রবিধানে ছক ও পদ্ধতিতে একচ্যুয়ারি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের একটি সংক্ষিপ্তসার প্রণয়ন করাইবেঃ<br>তবে শর্ত থাকে যে, কোন বীমাকারীর বিশেষ অবস্থা বিবেচনায় কর্তৃপক্ষ উহাকে পূর্ববর্তী অনুসন্ধান সম্পাদনের ২ (দুই) বৎসরের মধ্যে যে কোন তারিখে এই ধারার অধীন অনুসন্ধান করাইবার অনুমতি প্রদানকরিতে পারিবে।<br>**(8)** প্রতিটি সংক্ষিপ্তসারের সহিত প্রবিধান অনুযায়ী যে তারিখের হিসাবভিত্তিক সংক্ষিপ্তসার প্রস্তুত করা হইবে সেই তারিখে বীমাকারীর লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায়ের একটি বিবরণীও পরিশিষ্ট হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।<br>তবে শর্ত থাকে যে, উপ-ধারা (১) এবং উপ-ধারা (২) এ উল্লেখিত অনুসন্ধান যদি বীমাকারী কর্তৃক বাৎসরিক ভিত্তিতে করানো হয় তবে উক্ত বিবরণী প্রতি বৎসর সংলগ্ন না করিয়া প্রতি ৩ (তিন) বৎসর অন্তর একবার পরিশিষ্ট হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে।<br>**(৭)** উপ-ধারা (১) এর অধীন দায় মূল্যায়ণ এইরূপ পদ্ধতি ও ভিত্তিতে করিতে হইবে যাহাতে ইহা দ্বারা হিসাবকৃত একচ্যুয়ারিয়াল রিজার্ভ প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতি ও ভিত্তিতে হিসাবকৃত একচ্যুয়ারিয়াল রিজার্ভ হইতে কম না হয়। | করাইবে এবং অনুসন্ধান কার্য সম্পর্কে ~~প্রবিধানে~~ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ছক ও পদ্ধতিতে একচ্যুয়ারি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের একটি সংক্ষিপ্তসার প্রণয়ন করাইবেঃ<br>তবে শর্ত থাকে যে, কোন বীমাকারীর বিশেষ অবস্থা বিবেচনায় কর্তৃপক্ষ উহাকে পূর্ববর্তী অনুসন্ধান সম্পাদনের ২ (দুই) বৎসরের মধ্যে যে কোন তারিখে এই ধারার অধীন অনুসন্ধান করাইবার অনুমতি প্রদান করিতে পারিবে।<br><br>**(8)** প্রতিটি সংক্ষিপ্তসারের সহিত **কর্তৃপক্ষের নির্দেশনা** অনুযায়ী যে তারিখের হিসাবভিত্তিক সংক্ষিপ্তসার প্রস্তুত করা হইবে সেই তারিখে বীমাকারীর লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায়ের একটি বিবরণীও পরিশিষ্ট হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, উপ-ধারা (১) এবং উপ-ধারা (২) এ উল্লেখিত অনুসন্ধান যদি বীমাকারী কর্তৃক বাৎসরিক ভিত্তিতে করানো হয় তবে উক্ত বিবরণী প্রতি বৎসর সংলগ্ন না করিয়া প্রতি ৩ (তিন) বৎসর অন্তর একবার পরিশিষ্ট হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে।<br><br>**(৭)** উপ-ধারা (১) এর অধীন দায় মূল্যায়ণ এইরূপ পদ্ধতি ও ভিত্তিতে করিতে হইবে যাহাতে ইহা দ্বারা হিসাবকৃত একচ্যুয়ারিয়াল রিজার্ভ **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতি ও ভিত্তিতে হিসাবকৃত একচ্যুয়ারিয়াল রিজার্ভ হইতে কম না হয়। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৯. | ৪২ | **সাবসিডিয়ারি কোম্পানী।-(১)** কর্তৃপক্ষ, বাংলাদেশে বীমা ব্যবসার উন্নয়ন ও উন্নতির স্বার্থে বা জনস্বার্থে বা উপযোগী মনে করিলে যে কোন বীমাকারীকে বীমা ব্যবসা পরিচালনার জন্য এক বা একাধিক সাবসিডিয়ারি কোম্পানী গঠন করিবার অনুমোদন প্রদান করিবে।<br><br>(২) উপ-ধারার (১) এর বিধান স্বত্তেও, কোন বীমাকারী যে কোন কোম্পানীর শেয়ার, প্রবিধান দ্বারা নির্ধারিত পরিমাণে ধারণ করিতে পারিবে। | **সাবসিডিয়ারি কোম্পানী।-(১)** কর্তৃপক্ষ, বাংলাদেশে বীমা ব্যবসার উন্নয়ন ও উন্নতির স্বার্থে বা জনস্বার্থে বা উপযোগী মনে করিলে যে কোন বীমাকারীকে বীমা ব্যবসা পরিচালনার জন্য এক বা একাধিক সাবসিডিয়ারি কোম্পানী গঠন করিবার অনুমোদন প্রদান করিতে পারিবে এবং এইরুপ অনুমোদনের শর্ত নির্ধারন করিতে পারিবে।<br><br>(২) বিয়োজন করা হয়েছে। |
| ২০. | ধারা ৪৩(৭) | [নতুন প্রস্তাব সংযোজন]<br><br>সলভেন্সি মার্জিন বিষয়ে পূরণীয় শর্তাবলী | **লাইফ বীমাকারীর একচ্যুয়ারী কর্তৃক প্রত্যায়িত সলভেন্সি মার্জিন সম্পর্কিত বিবরণী এবং নন লাইফ বীমাকারীর অনুমোদিত নিরীক্ষক কর্তৃক প্রত্যায়িত সলভেন্সি মার্জিন সম্পর্কিত বিবরণী আইনের ৩৪ ধারার বর্ণিত প্রতিবেদনে অন্তর্ভূক্ত করিতে হইবে।** |
| ২১. | ধারা ৪৪ | [শিরোনাম পরিবর্তন]<br><br>৪৪। ঋণ, অগ্রিম ও আর্থিক সুবিধা প্রদান বিধি-নিষেধ।-(১) কোন বীমাকারী উহার নিজের শেয়ারের জামানতে কোন প্রকার অগ্রিম, ঋণ বা আর্থিক সুবিধা প্রদান করিবে না। | ৪৪। ঋণ, অগ্রিম, **বিনিয়োগ** ও আর্থিক সুবিধা প্রদান বিধি-নিষেধ।-(১) কোন বীমাকারী উহার নিজের শেয়ারের জামানতে কোন প্রকার অগ্রিম, ঋণ, ও আর্থিক সুবিধা প্রদান করিবে না। এক্ষেত্রে বিনিয়োগও আর্থিক সুবিধার আওতাভুক্ত হইবে। |
| ২২. | ধারা ৪৪(১০) | [নতুন প্রস্তাব সংযোজন] | **বীমাকারী তাহার সম্পদ বা বিনিয়োগ জামানত হিসেবে রাখিয়া উহার পরিচালক বা শেয়ারহোল্ডার বা তাহাদের পরিবার বা তাহাদের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কারও হইতে ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান করিতে পারিবে না।** |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৩. | ধারা ৪৪(১১) | [নতুন প্রস্তাব সংযোজন] | **কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বীমাকারী তাহার নিয়ন্ত্রণাধীন কোম্পানী বা সাবসিডিয়ারি কোম্পানী হইতে উহার পরিচালক বা শেয়ারহোল্ডার বা তাহাদের পরিবার বা তাহাদের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের কোন ঋণ প্রদান বা অন্যকোনভাবে আর্থিক সুবিধা প্রদান করিতে পারিবে না।** |
| ২৪. | ধারা ৫২ (১) (গ) (আ), (ই) | **৫২। লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা একত্রিকরণ ও হস্তান্তর।-** (১) (গ) কর্তৃপক্ষের নিকট হস্তান্তর অথবা একত্রীকরণ অনুমোদন করার জন্য আবেদন করার অন্ততঃ ২ (দুই) মাস পূর্বে হস্তান্তর বা একত্রীকরণের প্রকৃতি এবং কারণ সম্বলিত একটি অভিপ্রায় পত্র দাখিল করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত প্রতিটি দলিলের ৪ (চার) টি করিয়া সত্যায়িত অনুলিপি কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং অনুরূপ অন্য ২ (দই) টি অনুলিপি জনসাধারণ ও বীমাগ্রহীতাদের অবগতির জন্য সংশ্লিষ্ট বীমাকারীর প্রধান কার্যালয়, শাখা কার্যালয় ও এজেন্সিসমূহে রাখা হইবে, যথাঃ-<br>(আ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধরিত ছকে এবং প্রবিধানের বিধান অনুযায়ী প্রস্তুতকৃত একত্রীকরণ বা হস্তান্তরের সংশ্লিষ্ট বীমাকারীদের বীমা ব্যবসায়ের স্থিতিপত্র;<br>(ই) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত চাহিদা এবং তৎকর্তৃক প্রণীত প্রবিধান অনুযায়ী প্রস্তুতকৃত সংশ্লিষ্ট বীমাকারীর প্রত্যেকের একচ্যুয়ারী প্রতিবেদন এবং সার-সংক্ষেপ; | **৫২। লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা একত্রিকরণ ও হস্তান্তর।**-(১) (গ) কর্তৃপক্ষের নিকট হস্তান্তর অথবা একত্রীকরণ অনুমোদন করার জন্য আবেদন করার অন্ততঃ ২ (দুই) মাস পূর্বে হস্তান্তর বা একত্রীকরণের প্রকৃতি এবং কারণ সম্বলিত একটি অভিপ্রায় পত্র দাখিল করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত প্রতিটি দলিলের ৪ (চার) টি করিয়া সত্যায়িত অনুলিপি কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং অনুরূপ অন্য ২ (দই) টি অনুলিপি জনসাধারণ ও বীমাগ্রহীতাদের অবগতির জন্য সংশ্লিষ্ট বীমাকারীর প্রধান কার্যালয়, শাখা কার্যালয় ও এজেন্সিসমূহে রাখা হইবে, যথাঃ-<br><br>(আ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধরিত ছকে এবং **কর্তৃপক্ষের নির্দেশনা** অনুযায়ী প্রস্তুতকৃত একত্রীকরণ বা হস্তান্তরের সংশ্লিষ্ট বীমাকারীদের বীমা ব্যবসায়ের স্থিতিপত্র;<br><br>(ই) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত চাহিদা এবং **কর্তৃপক্ষের নির্দেশনা**_অনুযায়ী প্রস্তুতকৃত সংশ্লিষ্ট বীমাকারীর প্রত্যেকের একচ্যুয়ারী প্রতিবেদন এবং সার-সংক্ষেপ; |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৫. | ৫৪(গ)(অ) | **৫৪। একত্রীকরণ ও হস্তান্তরোত্তর আবশ্যকীয় বিবরণী।-**<br><br>(গ) যেক্ষেত্রে ধারা ৫৩ এর অধীন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে একত্রীকরণ বা হস্তান্তরের প্রক্রিয়া সম্পাদন হয় নাই, সেই ক্ষেত্রে,-<br>(অ) প্রবিধান দ্বারা ছকে প্রস্তুতকৃত একত্রীকরণ বা হস্তান্তর সংশ্লিষ্ট প্রত্যেক বীমাকারী বীমা ব্যবসায়ের স্থিতিপত্র; এবং<br>(আ) একত্রীকরণ বা হস্তান্তরের পরিকল্প ভিত্তিক অন্য কোন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি। | **৫৪। একত্রীকরণ ও হস্তান্তরোত্তর আবশ্যকীয় বিবরণী।—**<br><br>(গ) যেক্ষেত্রে ধারা ৫৩ এর অধীন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে একত্রীকরণ বা হস্তান্তরের প্রক্রিয়া সম্পাদন হয় নাই, সেই ক্ষেত্রে,-<br><br>(অ) **কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত** ছকে প্রস্তুতকৃত একত্রীকরণ বা হস্তান্তর সংশ্লিষ্ট প্রত্যেক বীমাকারী বীমা ব্যবসায়ের স্থিতিপত্র; এবং<br><br>(আ) একত্রীকরণ বা হস্তান্তরের পরিকল্প ভিত্তিক অন্য কোন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি। |
| ২৬. | ৫৬ (৪) | **৫৬। লাইফ ইন্স্যুরেন্স পলিসির স্বত্ব প্রদান ও হস্তান্তর।-** (৪) উপ-ধারা (২) এ উল্লিখিত নোটিশ প্রাপ্তির পর বীমাকারীর হস্তান্তর বা স্বত্ব নিয়োগের বিষয়ে উহার তারিখ, হস্তান্তরকারী ও হস্তান্তর গ্রহীতার নামসহ লিপিবদ্ধ করিবে এবং নোটিশ প্রদানকারীর বা হস্তান্তর গ্রহীতা বা স্বত্বনিয়োগ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে ও বিধি দ্বারা নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, অনুরূপ নোটিশের একটি লিখিত প্রাপ্তিস্বীকার পত্র প্রদান করিবে এবং এইরূপ প্রাপ্তিস্বীকার বীমাকারী কর্তৃক নোটিশ প্রাপ্তির চূড়ান্ত প্রমাণ বিবেচিত হইবে। | **৫৬। লাইফ ইন্স্যুরেন্স পলিসির স্বত্ব প্রদান ও হস্তান্তর।-** (৪) উপ-ধারা (২) এ উল্লিখিত নোটিশ প্রাপ্তির পর বীমাকারীর হস্তান্তর বা স্বত্ব নিয়োগের বিষয়ে উহার তারিখ, হস্তান্তরকারী ও হস্তান্তর গ্রহীতার নামসহ লিপিবদ্ধ করিবে এবং নোটিশ প্রদানকারীর বা হস্তান্তর গ্রহীতা বা স্বত্বনিয়োগ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে ও **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, অনুরূপ নোটিশের একটি লিখিত প্রাপ্তিস্বীকার পত্র প্রদান করিবে এবং এইরূপ প্রাপ্তিস্বীকার বীমাকারী কর্তৃক নোটিশ প্রাপ্তির চূড়ান্ত প্রমাণ বিবেচিত হইবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৭. | ৫৯ (৩) | কোন ব্যাক্তি কোন বীমা এজেন্টকে বাংলাদেশে ইস্যুকৃত তাহার মাধ্যমে কার্যকর কোন নন -লাইফ ইন্স্যুরেন্স পলিসির ক্ষেত্রে নির্ধারিত শতকরা হারের অধিক কমিশন বা অন্য কোন প্রকার পারিশ্রমিক বাবদ অর্থ পরিশোধ বা পরিশোধের চুক্তি করিবে না। | কোন ব্যক্তি কোন বীমা এজেন্ট বা্ বীমা কর্মকর্তাকে বাংলাদেশে ইস্যুকৃত তাহার মাধ্যমে কার্যকর কোন নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসির ক্ষেত্রে সময় সময় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শতকরা হারের অধিক কমিশন বা অন্য কোন প্রকার পারিশ্রমিক বাবদ অর্থ পরিশোধ বা পরিশোধের চুক্তি করিবে না।<br>**তবে শর্ত থাকে যে , নন-লাইফ বীমার ব্যবসা আহরণের পদ্ধতি এবং ব্যবসার উপর উন্নয়ন কর্মকর্তাদের মাসিক আর্থিক সুবিধাদি বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষ প্রয়োজনে কমিশন স্থগিত বা বাতিল বা কমিশনের পরিমাণ বা জের পরিবর্তন করিতে পারিবে।** |
| ২৮. | ধারা ৬৭(১) ও(২) | **৬৭। একচ্যুয়ারির নিযুক্তি।**- (১) লাইফ ইন্স্যুরেন্স ব্যবসার জন্য নিবন্ধিত প্রত্যেক বীমাকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে একজন একচ্যুয়ারি নিয়োগ করিবে।<br>(২) একচ্যুয়ারির যোগ্যতা, দায়িত্ব এবং অন্যান্য সুবিধা ও শর্তসমূহ প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে। | **৬৭। একচ্যুয়ারির নিযুক্তি।**-(১) প্রত্যেক বীমাকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় **সংখ্যক** একচ্যুয়ারি নিয়োগ করিবে।<br><br>(২) একচ্যুয়ারির যোগ্যতা, দায়িত্ব এবং অন্যান্য সুবিধা ও শর্তসমূহ **কর্তৃপক্ষ দ্বারা** নির্ধারিত হইবে। |
| ২৯. | ধারা-৭১(২) | **৭১। স্বল্প অংকের লাইফ ইন্স্যুরেন্স ও নন লাইফ ইন্স্যুরেন্সদাবী সংশ্লিষ্ট বিরোধ।**-(১) বিধি দ্বারা নির্ধারিত স্বল্প অংকের দায় সম্বলিত ( নিশ্চিতকৃত লাভ বা বোনাস নয় এইরূপ লাভ ও বোনাস ব্যতিরেকে) লাইফ ইন্স্যুরেন্স পলিসি বা বাংলাদেশে লেনদেন হওয়া কোন বীমা ব্যবসায় সম্পর্কিত কোন নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসির দাবীর পরিমাণ সম্পর্কে কোন বিরোধ দেখা দিলে দাবীদার ইচ্ছা করিলে উহা নিষ্পত্তি করিবার জন্য কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে পারে এবং কর্তৃপক্ষ সংশ্লিষ্টদের বক্তব্য শোনার পর এবং নিজের একক সূক্ষ বিচারে, | **৭১। লাইফ ইন্স্যুরেন্স ও নন লাইফ ইন্স্যুরেন্স দাবী সংশ্লিষ্ট বিরোধ।**-(১) **লাইফ ইন্স্যুরেন্স পলিসি হতে উদ্ভুত দাবী বা** দায় সম্বলিত ( নিশ্চিতকৃত লাভ বা বোনাস নয় এইরূপ লাভ ও বোনাস ব্যতিরেকে) লাইফ ইন্স্যুরেন্স পলিসি বা বাংলাদেশে লেনদেন হওয়া কোন বীমা ব্যবসায় সম্পর্কিত কোন নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসির দাবীর পরিমাণ সম্পর্কে কোন বিরোধ দেখা দিলে দাবীদার ইচ্ছা করিলে উহা নিষ্পত্তি করিবার জন্য কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে পারে এবং কর্তৃপক্ষ সংশ্লিষ্টদের বক্তব্য শোনার পর এবং নিজের একক সূক্ষ বিচারে, প্রয়োজনীয় বিবেচিত সাক্ষ্য প্রমাণ গ্রহণের পর বিরোধ নিষ্পত্তি করিতে পারিবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | প্রয়োজনীয় বিবেচিত সাক্ষ্য প্রমাণ গ্রহণের পর বিরোধ নিষ্পত্তি করিতে পারিবে।<br><br>(২) এই ধারার অধীন গৃহীত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে এবং উহাকে কোন আদালতে প্রশ্নের সম্মুখীন করা যাইবে না এবং এইরূপ সিদ্ধান্ত বিরোধ নিষ্পত্তি করিবার উপযুক্ত কোন আদালতের রায় বলিয়া বিবেচিত হইবে এবং তদানুযায়ী কার্যকর করা হইবে ।<br><br>(৩) কর্তৃপক্ষ এই ধারার অধীন কর্তব্য পালনের জন্য নির্ধারিত শতকরা হারে বা অন্য কোন প্রকারে ফি ধার্য এবং আদায় করিবে। | **(২) বিয়োজন করা হয়েছে।**<br><br>(৩) কর্তৃপক্ষ এই ধারার অধীন কর্তব্য পালনের জন্য নির্ধারিত শতকরা হারে বা অন্য কোন প্রকারে ফি ধার্য্য এবং আদায় করিবে। |
| ৩০. | ৭২. | **৭২। বিলম্বে দাবী পরিশোধের সুদ।**-(১) বীমাকারী কর্তৃক ইস্যুকৃত পলিসির অধীন প্রদেয় হয় এবং দাবী প্রদানের জন্য সমস্ত কাগজপত্র দাবীদার কর্তৃক দাখিল করা হইয়াছে এইরূপ ক্ষেত্রে বীমাকারী যদি দাবী পরিশোধের প্রাপ্য হওয়া বা দাবীদার কর্তৃক সমস্ত আনুষ্ঠানিকতা পূরণের,যাহা পরে সংঘটিত হয়, ৯০ (নব্বই) দিনের মধ্যে দাবী পরিশোধে ব্যর্থ হয় তাহা হইলে উপ-ধারা (২) এ নির্ধারিত সুদ পরিশোধ করিবে, যদি না বীমাকারী এইরূপ ব্যর্থতা তাহার নিয়ন্ত্রণ বর্হিভূত ছিল বলিয়া প্রমাণ করিতে পারে।<br>(২) উপ-ধারা (১) এর অধীন সুদ ব্যর্থতাজনিত চলমান সময়ের জন্য পরিশোধযোগ্য হইবে এবং প্রচলিত ব্যাংক রেটের অতিরিক্ত শতকরা ৫ (পাঁচ) ভাগ হারে মাসিক ভিত্তিতে হিসাব করিতে হইবে। | **৭২। বিলম্বে দাবী পরিশোধের সুদ।**-(১) বীমাকারী কর্তৃক ইস্যুকৃত পলিসির অধীন প্রদেয় হয় এবং দাবী প্রদানের জন্য সমস্ত কাগজপত্র দাবীদার কর্তৃক দাখিল করা হইয়াছে এইরূপ ক্ষেত্রে বীমাকারী যদি দাবী পরিশোধের প্রাপ্য হওয়া বা দাবীদার কর্তৃক সমস্ত আনুষ্ঠানিকতা পূরণের,যাহা পরে সংঘটিত হয়, **৪৫ দিনের মধ্যে** দাবী পরিশোধে ব্যর্থ হয় তাহা হইলে উপ-ধারা (২) এ নির্ধারিত সুদ পরিশোধ করিবে, যদি না বীমাকারী এইরূপ ব্যর্থতা তাহার নিয়ন্ত্রণ বর্হিভূত ছিল বলিয়া প্রমাণ করিতে পারে।<br>(২) উপ-ধারা (১) এর অধীন সুদ ব্যর্থতাজনিত চলমান সময়ের জন্য পরিশোধযোগ্য হইবে এবং **বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত** ব্যাংক রেটের অতিরিক্ত শতকরা ৫ (পাঁচ) ভাগ হারে মাসিক ভিত্তিতে হিসাব করিতে হইবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩১. | ধারা ৭৩ | ৭৩। বিরোধ নিষ্পত্তি কমিটি।-(১) কর্তৃপক্ষ ধারা ৭১ এর অধীন দ্বী সম্পর্কিত বিরোধ ব্যতীত বীমাকারী ও বীমা পলিসি গ্রাহকদের মধ্যকার দাবী সম্পর্কিত অন্যান্য উদ্ভূত বিরোধ নিষ্পত্তির জন্য এক বা একাধিক বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন করিবে।<br>(২) এই ধারা অনুযায়ী কমিটির গঠন এবং কার্যপদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে এবং এইরূপ কমিটির ক্ষেত্রে সালিস আইন, ২০০১ বা উহার অধীনে প্রণীত কোন বিধান প্রযোজ্য হইবে না।<br>(৩) বিরোধ সম্পর্কিত বিষয়বস্তুতে স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি এই কমিটির সদস্য নিযুক্ত হইতে পারিবে না।<br>(৪) গোষ্ঠি বীমা পলিসি ব্যতীত লাইফ ইন্স্যুরেন্স পলিসি বা নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসির দাবী সংশ্লিষ্ট বিরোধ এই কমিটির কার্যপরিধির অর্ন্তভুক্ত হইবে।<br>(৫) কোন ব্যক্তি কমিটির সিদ্ধান্ত ক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত অবহিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতের শরনাপন্ন হইতে পারিবেন। | ৭৩। বিরোধ নিষ্পত্তি কমিটি।-(১) ~~কর্তৃপক্ষ~~ ধারা ৭১ এর অধীন **কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশে সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট ব্যাক্তি দাবী নিষ্পত্তির বিষয়ে বিরোধ নিষ্পত্তি কমিটি বরাবর আবেদন করিতে পারিবে**। এবং কর্তৃপক্ষ এইরুপ আবেদন নিষ্পত্তির জন্য এক বা একাধিক বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন করিবে।<br>(২) এই ধারা অনুযায়ী কমিটির গঠন এবং কার্যপদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে এবং এইরূপ কমিটির ক্ষেত্রে সালিস আইন, ২০০১ বা উহার অধীনে প্রণীত কোন বিধান প্রযোজ্য হইবে না।<br>(৩) বিরোধ সম্পর্কিত বিষয়বস্তুতে স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি এই কমিটির সদস্য নিযুক্ত হইতে পারিবে না।<br>(৪) গোষ্ঠি বীমা পলিসি ব্যতীত লাইফ ইন্স্যুরেন্স পলিসি বা নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসির দাবী সংশ্লিষ্ট বিরোধ এই কমিটির কার্যপরিধির অর্ন্তভুক্ত হইবে।<br>(৫) কোন ব্যক্তি কমিটির সিদ্ধান্ত ক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত অবহিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতের শরনাপন্ন হইতে পারিবেন। |
| ৩২. | ধারা ৭৫ | **৭৫। যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ।**-আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারীর পরিচালক একই শ্রেণীর বীমা ব্যবসার জন্য নিবন্ধীকৃত অন্য কোন বীমাকারীর বা কোন ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হইতে পারিবেন না। ব্যাখ্যা।-এই ধারার উদ্দেশ্য পূরণ কল্পে "ব্যাংক কোম্পানী" বলিতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী এবং "আর্থিক প্রতিষ্ঠান" বলিতে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এ | **৭৫। যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ।**-আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারীর পরিচালক একই সময় **তিনি অন্য কোন ব্যাংক-কোম্পানী, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী বা উক্তরুপ কোম্পানীসমূহের কোন সাবসিডিয়ারী কোম্পানীর বা এইরুপ অন্যকোন কোম্পানী ও প্রতিষ্ঠান যাহা উক্ত ব্যাংক-কোম্পানী, আর্থিক প্রতিষ্ঠান বা বীমা কোম্পানীর উপর নিয়ন্ত্রণ,যৌথ নিয়ন্ত্রণ বা উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে তাহাদের পরিচালক থাকিবেন না।**<br>ব্যাখ্যা।-এই ধারার উদ্দেশ্য পূরণ কল্পে "ব্যাংক কোম্পানী" বলিতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী এবং "আর্থিক প্রতিষ্ঠান" বলিতে আর্থিক |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** |
| | | সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে। | প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এ সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে। |
| ৩৩. | ধারা ৭৬ | ৭৬। বীমাকারীর পরিচালনা পর্ষদ।-(১) বীমাকারী কোম্পানী আইন এর অধীনে নিবন্ধিত হইলে, উহার সংঘস্মারক বা সংঘবিধিতে যাহাই থাকুক না কেন উহার পরিচালকের সংখ্যা ২০ (বিশ) জনের অধিক হইবে না এবং সেই ক্ষেত্রে ১২ (বার) জন উদ্যোক্তা পরিচালক ও ৬(ছয়) জন জনগণের অংশের শেয়ারগ্রহীতা পরিচালক এবং ২(দুই) জন নিরপেক্ষ (Independent) পরিচালক থাকিবেন।<br><br>(২) শেয়ারগ্রহীতাগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিচালক নির্বাচন করিবে। | ৭৬। বীমাকারীর পরিচালনা পর্ষদ।-(১) বীমাকারী কোম্পানী আইন এর অধীনে নিবন্ধিত হইলে, উহার সংঘস্মারক বা সংঘবিধিতে যাহাই থাকুক না কেন **বীমাকারীর পরিচালনা পর্ষদে উহার** পরিচালকের সংখ্যা ২০ (বিশ) জনের অধিক হইবে না এবং এরমধ্যে ৪ (চারজন) নিরপেক্ষ পরিচালক হইবেন । **তবে কোন বীমা-কোম্পানীর পরিচালক সংখ্যা ১০ (দশ) জনের নিম্নে হইলে নিরপেক্ষ পরিচালকের সংখ্যা অন্যূন ২ (দুই) জন হইবে এবং: কোম্পানীর পরিচালক সংখ্যা ১০ (দশ) জনের বেশি হইলে নিরপেক্ষ পরিচালকের সংখ্যা ৪ (চার) জন হইবে।**<br>(২) শেয়ারগ্রহীতাগণ **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে পরিচালক নির্বাচন করিবে। |
| ৩৪. | **৮০(ক)** | **নতুন সংযোজন** | **৮০(ক)। প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব এর নিয়োগ ও অপসারণ।-(১) কর্তৃপক্ষ নির্ধারিত যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বীমা কোম্পানীর প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) বা কোম্পানি সচিব হিসাবে নিয়োগ করিতে হইবে।**<br><br>**(২) বীমাকারী কর্তৃক উপ-ধারা (১) এর অধীনে অনুমোদিত কোন প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিবকে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত চাকুরীচ্যুত বা বরখাস্ত করা যাইবে না এবং কর্তৃপক্ষ উক্তরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব এবং বীমাকারী বা এই বিষয়ে কোম্পানীর স্বার্থক্ষুনন হয় এরুপ কোন কাজ করিয়াছে কিনা এবং এক্ষেত্রে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়া লিখিত আদেশ প্রদানের মাধ্যমে চাকুরিচ্যুত করিতে** |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | **হইবে। এইরূপ চাকুরিচ্যুত হইবার পরবর্তী ৫ (পাঁচ) বছর কোন বীমা কোম্পানীতে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।**<br><br>**(৩) বীমাকারী কোন ব্যক্তিকে উহার প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব হইবার বা ঐ পদে না থাকিবার ঘটনা অবগত হওয়ার ১৫ (পনের) দিনের শেষ হইবার পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবে।**<br><br>**(৪) বীমা কোম্পানীর প্রধান অর্থ কর্মকর্তা ও কোম্পানী সচিব পদ একাধারে ৩ (তিন) মাসের অধিক সময়ের জন্য শূন্য রাখা যাইবে না:**<br><br>**তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অপরিহার্য পরিস্থিতি বিবেচনায় প্রতিবারে উক্ত সময়সীমা আরো ১ (এক) মাস করিয়া বর্ধিত করিতে পারিবে।** |
| ৩৫. | ধারা ৮১ | ৮১। উপদেষ্টা নিয়োগ।- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে অথবা বীমাকারীর সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারী ২ (দুই) জনের অধিক উপদেষ্টা নিয়োগ করিবে না এবং উক্তরূপ নিয়াগ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে হইবে না, তবে শর্ত থাকে যে, অনুরূপ নিযুক্ত উপদেষ্টার নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য থাকিবে এবং তাহাকে প্রবিধান দ্বারা নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। | উপদেষ্টা বা কনসালটেন্ট নিয়োগঃ আপাততঃ বলবৎঅন্য কোন আইনে অথবা বীমাকারীর সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারী ২ (দুই) জনের **অধিক উপদেষ্টা বা কনসালটেন্ট বা অন্য যেকোন নামেই অবহিত করা হউক না কেন** নিয়োগ করিবে না এবং উক্তরূপ নিয়োগ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে হইবে না,<br>তবে শর্ত থাকে যে, অনুরূপ নিযুক্ত উপদেষ্টা বা কনসালটেন্ট এর নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য থাকিবে এবং তাহাকে **কর্তৃপক্ষ** দ্বারা নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ৩৬. | ধারা ৮৮ | ৮৮। প্রত্যপর্ণ মূল্য অর্জন।-(১) কোন পলিসি অনূন্য ২ (দুই) বৎসর পর্যন্ত বলবৎ থাকিলে উহার প্রত্যপর্ণ মূল্য প্রাপ্য হইবে এবং বীমাকারী কর্তৃক নিযুক্ত একচ্যুয়ারি প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রত্যপর্ণ মূল্য নিরূপণ করিবে। | ৮৮। প্রত্যপর্ণ মূল্য অর্জন।-(১) কোন পলিসি অনূন্য ২ (দুই) বৎসর পর্যন্ত বলবৎ থাকিলে উহার প্রত্যপর্ণ মূল্য প্রাপ্য হইবে এবং বীমাকারী কর্তৃক নিযুক্ত একচ্যুয়ারি **কর্তৃপক্ষ** দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রত্যপর্ণ মূল্য নিরূপণ করিবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩৭. | ধারা ৯৫(১) | যদি কোন সময়ে কর্তৃপক্ষের এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, কোন বীমাকারী তাহার বীমা ব্যবসা এইরূপে পরিচালনা করিতেছে যাহাতে বীমা পলিসি গ্রাহকদের স্বার্থ ক্ষুন্ন হইতে পারে বা প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন রাখিতে সমর্থ হইতেছে না এই ক্ষেত্রে বীমাকারীকে তাহার বক্তব্য উপস্থাপনের সুযোগ প্রদান করিয়া কর্তৃপক্ষ উহার পরিচালনা পর্ষদকে সাসপেন্ড করিতে পারিবে এবং কর্তৃপক্ষের নির্দেশ ও নিয়ন্ত্রণাধীন বীমাকারীর কার্যক্রম ব্যবস্থাপনার জন্য একজন প্রশাসক নিযুক্ত করিবে। | যদি কোন সময়ে কর্তৃপক্ষের এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, কোন বীমাকারী তাহার বীমা ব্যবসা এইরূপে পরিচালনা করিতেছে যাহাতে বীমা পলিসি গ্রাহকদের স্বার্থ ক্ষুন্ন হইতে পারে বা **বীমাদাবী পরিশোধে ক্রমাগত ব্যর্থতা বা বিনিয়োগ যথানিয়মে করা হয় নাই বা অপব্যবহার করা হইয়াছিল বা বিনিয়োগ সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হইয়াছে বা বিনিয়োগের অপব্যবহার করিতেছে বা ক্ষতিগ্রস্ত হইতেছে** বা প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন রাখিতে সমর্থ হইতেছে না এই ক্ষেত্রে বীমাকারীকে তাহার বক্তব্য উপস্থাপনের সুযোগ প্রদান করিয়া কর্তৃপক্ষ উহার পরিচালনা পর্ষদকে সাসপেন্ড করিতে পারিবে **বা পরিচালনা পর্ষদ পুণঃগঠনের নির্দেশনা প্রদান করিতে পারিবে** এবং কর্তৃপক্ষের নির্দেশ ও নিয়ন্ত্রণাধীন বীমাকারীর কার্যক্রম ব্যবস্থাপনার জন্য প্রয়োজনে একজন প্রশাসক নিযুক্ত করিবে। |
| ৩৮. | ১২৪(১) | একজন বীমাকারী বা ব্রোকার একজন ব্যক্তি বীমা এজেন্ট নিয়োগ ও তাহার নিবন্ধিকরণ করিবে এবং প্রত্যেক বীমাকারী বা ব্রোকার কর্তৃপক্ষ কর্তৃক প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বীমা এজেন্ট হিসাবে অনুরূপ সকল নিয়োগ ও নিবন্ধনের একটি রেজিস্টার সংরক্ষণ করিবে। | একজন বীমাকারী বা ব্রোকার **কর্তৃপক্ষ নির্ধারিত** যোগ্যতাসম্পন্ন ব্যক্তি বীমা বা প্রতিষ্ঠানকে এজেন্ট, কর্পোরেট এজেন্ট বা বীমা কর্মকর্তা নিয়োগ ও তাহার নিবন্ধিকরণ করিবে এবং প্রত্যেক বীমাকারী বা ব্রোকার **কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত** ছকে বীমা এজেন্ট, কর্পোরেট এজেন্ট বা বীমা কর্মকর্তা হিসাবে অনুরূপ সকল নিয়োগ ও নিবন্ধনের একটি রেজিস্টার সংরক্ষণ করিবে। বীমাকারী কর্তৃক এজেন্ট, কর্পোরেট এজেন্ট বা বীমা কর্মকর্তার নিবন্ধীকরণের কর্তৃপক্ষ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১৫(ঙ) এর ক্ষমতাবলে **কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত** পদ্ধতিতে সকল কাগজপত্রাদি ও লাইসেন্স ফি সহ বীমাকারীর আবেদন সাপেক্ষে এজেন্ট বা বীমা কর্মকর্তাকে নির্দিষ্ট সময়ের জন্য লাইসেন্স প্রদান করিবে। নির্দিষ্ট সময় শেষ হইলে নির্ধারিত নবায়ন ফি জমা দিয়ে লাইসেন্স নবায়ন করারও সুযোগ থাকবে। |
| ৩৯. | ১২৪(৫) | (৫) কোন বীমাকারী বা ব্রোকার অন্য কোন বীমাকারী বা ব্রোকারের বীমা এজেন্ট হিসাবে নিবন্ধিত কোন ব্যক্তিকে তাহার অধীনে বীমা এজেন্ট | (৫) কোন বীমাকারী বা ব্রোকার অন্য কোন বীমাকারী বা ব্রোকারের বীমা এজেন্ট হিসাবে নিবন্ধিত কোন ব্যক্তিকে তাহার অধীনে বীমা এজেন্ট হিসাবে নিয়োগ করিবে না। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | হিসাবে নিয়োগ করিবে না। | **তবে শর্ত থাকে যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেট এজেন্ট হিসেবে বিবেচিত কোন প্রতিষ্ঠান একইসাথে এক বা একাধিক বীমাকারীর বীমা এজেন্ট হইতে পারিবে।** |
| ৪০. | ১২৫(২) | (২) কর্তৃপক্ষ প্রবিধান দ্বারা বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র ইস্যু করার জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী এবং সনদপত্রের মেয়াদকাল, নিবন্ধন ফি ও নবায়ন ফি এবং অনুরূপ ফি পরিশোধের পদ্ধতি নির্ধারণ করিবে। | (২) কর্তৃপক্ষ **আদেশ দ্বারা** বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র ইস্যু করার জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী এবং সনদপত্রের মেয়াদকাল, নিবন্ধন ফি ও নবায়ন ফি এবং অনুরূপ ফি পরিশোধের পদ্ধতি নির্ধারণ করিবে। |
| ৪১. | ধারা-১৩০ | **১৩০। এই আইন পরিপালনে ব্যর্থতা কিংবা লংঘনজনিত কর্মকান্ডের জন্য জরিমানা আরোপ।-** যদি কোন ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধি ও প্রবিধানের অধীন-<br>(ক) কর্তৃপক্ষের নিকট বিবরণী, হিসাব, রিটার্ন বা প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হন,<br>(খ) নির্দেশ পালনে ব্যর্থ হন,<br>(গ) সলভেন্সি মার্জিন সংরক্ষণ করিতে ব্যর্থ হন; বা<br>(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে পুনঃবীমা চুক্তি পরিপালনের নির্দেশ পালনে ব্যর্থ হন,<br>তাহা হইলে প্রতিটি ব্যর্থতার জন্য তাহাকে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা যাইবে এবং এই লংঘন অব্যাহত থাকিলে প্রতিদিন অতিরিক্ত ৫ (পাঁচ) হাজার টাকা জরিমানা করা যাইবে। | **১৩০। এই আইন পরিপালনে ব্যর্থতা কিংবা লংঘনজনিত কর্মকান্ডের জন্য জরিমানা আরোপ।-**যদি কোন ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধি ও প্রবিধানের অধীন-<br>(ক) কর্তৃপক্ষের নিকট বিবরণী, হিসাব, রিটার্ন বা প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হন,<br>(খ) নির্দেশ পালনে ব্যর্থ হন,<br>(গ) সলভেন্সি মার্জিন সংরক্ষণ করিতে ব্যর্থ হন; বা<br>(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে পুনঃবীমা চুক্তি পরিপালনের নির্দেশ পালনে ব্যর্থ হন,<br>তাহা হইলে প্রতিটি ব্যর্থতার জন্য তাহাকে অনধিক **২০ (বিশ)** লক্ষ টাকা জরিমানা করা যাইবে এবং এই লংঘন অব্যাহত থাকিলে প্রতিদিন অতিরিক্ত **১০ (দশ)** হাজার টাকা জরিমানা করা যাইবে। |
| ৪২. | ১৩২ | ১৩২। **কতিপয় ধারা লংঘনপূর্বক বীমা ব্যবসা পরিচালনার দন্ড।-** কোন ব্যক্তি ধারা ৮,২৩,৪১,৪৬ বা ১১৯ এর বিধান লংঘন করিলে এইরূপ প্রতিটি | **১৩২। কতিপয় ধারা লংঘনপূর্বক বীমা ব্যবসা পরিচালনার ক্ষেত্রে জরিমানা আরোপ ।-** কোন ব্যক্তি ধারা **৭**,৮,২৩,৪১,৪৬,**৮০,৮০(ক)** বা ১১৯ এর বিধান লংঘন করিলে এইরূপ প্রতিটি লংঘনের জন্য তাহার অনধিক **১০ (দশ)** লক্ষ |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | লংঘনের জন্য তাহার অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড হইবে। | টাকা জরিমানা আরোপ করা যাইবে। |
| ৪৩. | ১৩৩ | **১৩৩। বীমা চুক্তি সম্পাদনে প্রলুব্ধ করার জন্য বিভ্রান্তিকর বিবরণী, আশ্বাস বা পূর্বাভাস।-** কোন ব্যক্তি বিভ্রান্তিকর, মিথ্যা বা প্রতারাণামূলক বলিয়া জানেন, এইরূপ বিবরণী, আশ্বাস, পূর্বাভাস দ্বারা, বা প্রতারাণামূলক বলিয়া জানেন, বা প্রতারাণামূলক পূর্বাভাস দ্বারা কোন ব্যক্তিকে কোন বীমাকারীর সহিত বীমা চুক্তি সম্পাদনের প্রস্তাবে প্রলুব্ধ করার চেষ্টা করিলে তিনি এই অপরাধে অভিযুক্ত হইবেন এবং অভিযোগ প্রমানিত হইলে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদন্ড বা অনদিক ৩ (তিন) বৎসরের কারাদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন। | **১৩৩। বীমা চুক্তি সম্পাদনে প্রলুব্ধ করার জন্য বিভ্রান্তিকর বিবরণী, আশ্বাস বা পূর্বাভাস।-** কোন ব্যক্তি বিভ্রান্তিকর, মিথ্যা বা প্রতারাণামূলক বলিয়া জানেন, এইরূপ বিবরণী, আশ্বাস, পূর্বাভাস দ্বারা, বা প্রতারাণামূলক বলিয়া জানেন, বা প্রতারাণামূলক পূর্বাভাস দ্বারা কোন ব্যক্তিকে কোন বীমাকারীর সহিত বীমা চুক্তি সম্পাদনের প্রস্তাবে প্রলুব্ধ করার চেষ্টা করিলে তিনি এই অপরাধে অভিযুক্ত হইবেন এবং অভিযোগ প্রমানিত হইলে অনধিক **২০ (বিশ)** লক্ষ টাকা অর্থদন্ড বা অনদিক ৩ (তিন) বৎসরের কারাদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন। |
| ৪৪. | ১৩৪ | **১৩৪। আইনের বিধান পালনে ব্যর্থতা কিংবা লংঘনজনিত কর্মকান্ডের ক্ষেত্রে ব্যক্তিগত জরিমানা।-** এই আইনের অন্যরূপ কোন বিধান না থাকিলে কোন বীমাকারীর কোন পরিচালক, শেয়ার হোল্ডার, মুখ্য নির্বাহী কমকর্তা, ব্যবস্থাপক বা অন্য কর্মকর্তা বা ব্রোকার বা অংশীদার, জরিপকারী বা উহার কোন কর্মকর্তা বা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী এই আইনের কোন বিধান পালনে ব্যর্থ হইলে বা উক্ত বিধান লংঘন করিলে এবং কেহ জ্ঞাতসারে এই লংঘনের সহিত সংশ্লিষ্ট থাকিলে, তাহাকে সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা এবং সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং লংঘন অব্যাহত থাকিলে লংঘনজনিত | **১৩৪। আইনের বিধান পালনে ব্যর্থতা কিংবা লংঘনজনিত কর্মকান্ডের ক্ষেত্রে ব্যক্তিগত জরিমানা।-**এই আইনের অন্যরূপ কোন বিধান না থাকিলে কোন বীমাকারীর কোন পরিচালক, শেয়ার হোল্ডার, মুখ্য নির্বাহী কমকর্তা, ব্যবস্থাপক বা অন্য কর্মকর্তা বা ব্রোকার বা অংশীদার, জরিপকারী বা উহার কোন কর্মকর্তা বা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী এই আইনের কোন বিধান পালনে ব্যর্থ হইলে বা উক্ত বিধান লংঘন করিলে এবং কেহ জ্ঞাতসারে এই লংঘনের সহিত সংশ্লিষ্ট থাকিলে, তাহাকে সর্বোচ্চ **১০ (দশ) লক্ষ** টাকা এবং সর্বনিম্ন ~~৫০~~ **১ (এক) লক্ষ** টাকা এবং লংঘন অব্যাহত থাকিলে লংঘনজনিত সময়ের প্রতিদিনের জন্য অনধিক **১০ (দশ)** হাজার টাকা অতিরিক্ত অর্থ জরিমানা করা যাইবে। |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | সময়ের প্রতিদিনের জন্য অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অতিরিক্ত অর্থ জরিমানা করা যাইবে। | |
| ৪৫. | ১৪৩(ক) | | **১৪৩(ক) রিভিউ।**—(১) এই আইনের অধীন চেয়ারম্যান বা কোন সদস্য বা কর্মকর্তার আদেশ দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হইলে,সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত ফরমে ও নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, উক্ত আদেশ রিভিউ এর জন্য আবেদন করিতে পারিবেন এবং রিভিউ আবেদনের উপর কর্তৃপক্ষের আদেশই চূড়ান্ত হইবে।<br>(২) নির্ধারিত সময়ের পর দায়েরকৃত কোন রিভিউ গ্রহণযোগ্য হইবে না। তবে রিভিউকারী যদি এই মর্মে কর্তৃপক্ষকে সন্তুষ্ট করিতে পারেন যে, নির্দিষ্ট সময়ের মধ্যে রিভিউ আবেদন দাখিলকৃত রিভিউ আবেদন কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারিবে।<br>(৩) প্রতিটি রিভিউ আবেদন চেয়ারম্যানের নিকট দাখিল হইবে।<br>(৪) কর্তৃপক্ষ, যেমন উপযুক্ত মনে করিবে, রিভিউ আবেদনের উপর তদরুপ আদেশ প্রদান করিতে পারিবে। |
| ৪৬. | ১৪৫(১) | কোন বীমাকারী বা মিউচ্যুয়াল বীমা কোম্পানী বা সমবায় বীমা সমিতি কোন প্রসেস বা সমন জারী করিতে হইলে উক্ত প্রসেস বা সমন কর্তৃপক্ষের নিকট রক্ষিত বীমাকারী বা মিউচ্যুয়াল বীমা কোম্পানী বা সমবায় সমিতির পক্ষে গ্রহণ করার জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নামে এবং কর্তৃপক্ষের সহিত রেজিস্ট্রিকৃত তাহার ঠিকানায় পৌছাইলে বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা হইলে উক্ত প্রসেস বা সমন যথাযথভাবে জারী হইয়াছে বলিয়া গণ্য হইবে। | কোন বীমাকারী বা মিউচ্যুয়াল বীমা কোম্পানী বা সমবায় বীমা সমিতি কোন প্রসেস বা সমন জারী করিতে হইলে উক্ত প্রসেস বা সমন কর্তৃপক্ষের নিকট রক্ষিত বীমাকারী বা মিউচ্যুয়াল বীমা কোম্পানী বা সমবায় সমিতির পক্ষে গ্রহণ করার জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নামে এবং কর্তৃপক্ষের সহিত রেজিস্ট্রিকৃত তাহার ঠিকানায় পৌছাইলে বা রেজিস্ট্রি **ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস বা ইলেকট্রনিক মেইলে** প্রেরণ করা হইলে উক্ত প্রসেস বা সমন যথাযথভাবে জারী হইয়াছে বলিয়া গণ্য হইবে। |
| ৪৭. | **১৫৫.** | নীট প্রিমিয়াম আয়ের উপর কর ধার্যকরণ।-সরকার, সময়ে সময়ে, সরকারী গেজেটে আদেশ দ্বারা, প্রত্যেক | নীট প্রিমিয়াম আয়ের উপর কর ধার্যকরণ।-সরকার, সময়ে সময়ে, সরকারী গেজেটে আদেশ দ্বারা, প্রত্যেক বীমাকারীর বার্ষিক নীট প্রিমিয়াম আয়ের কর |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | বীমাকারীর বার্ষিক নীট প্রিমিয়াম আয়ের কর ধার্য ও সংগ্রহ করিতে পারিবে এবং এই কর হার বার্ষিক নীট প্রিমিয়ামের শতকরা অর্ধ ভাগের অধিক হইবে না। | ধার্য ও সংগ্রহ করিতে পারিবে এবং এই কর হার বার্ষিক নীট প্রিমিয়ামের শতকরা অর্ধ ভাগ **(০.৫০%)** এর অধিক হইবে না। |
| ৪৮. | **১৫৭(১).** | ১৫৭। পরিসংখ্যান।-(১) প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কর্তৃপক্ষ নির্দিষ্ট সময় অন্তর বীমা সংশ্লিষ্ট বিষয়ে পরিসংখ্যান ভিত্তিক তথ্য সংগ্রহ করিবে এবং অনুরূপ তথ্য সংগ্রহ এবং বীমা সংশ্লিষ্ট বা বীমা বহির্ভুত বিষয়ে উহার ব্যবহারের নিয়মাবলী এই ধারার অধীন প্রণীত প্রবিধান অন্তর্ভুক্ত থাকিবে। | ১৫৭। পরিসংখ্যান।-(১) **কর্তৃপক্ষ কর্তৃক** নির্ধারিত পদ্ধতিতে কর্তৃপক্ষ নির্দিষ্ট সময় অন্তর বীমা সংশ্লিষ্ট বিষয়ে পরিসংখ্যান ভিত্তিক তথ্য সংগ্রহ করিবে এবং অনুরূপ তথ্য সংগ্রহ এবং বীমা সংশ্লিষ্ট বা বীমা ব্যবহারের নিয়মাবলী এই ধারার অধীন প্রণীত প্রবিধান অন্তর্ভুক্ত থাকিবে। |
| ৪৯. | **তফসিল-১** | ১। ধারা ২১ এর অধীন ন্যূনতম পরিশোধিত মূলধনঃ<br>(ক) লাইফ ইন্স্যুরেন্স ব্যবহার জন্য-<br>(অ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা, যাহার ৬০ (ষাট) শতাংশ উদ্যোগত্তাগণ কর্তৃক প্রদত্ত হইবে ও অবশিষ্ট ৪০ (চলি−শ) শতাংশ জনসাধারণ কর্তৃক প্রদানার্থে উন্মুক্ত থাকিবে;<br>(আ) বাংলাদেশের বাহিরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহা বাংলাদেশের বাহির হইতে তহবিল স্থানান্তরের মাধমে বাংলাদেশে জমা প্রদান করিতে হইবে; | ১। ধারা ২১ এর অধীন ন্যূনতম পরিশোধিত মূলধনঃ<br>(ক) লাইফ ইন্স্যুরেন্স ব্যবহার জন্য-<br>(অ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা, যাহার ৬০ (ষাট) শতাংশ **নিবন্ধণ সনদ গ্রহণকালে কোম্পানীর বিদ্যমান শেয়ারধারীগণ** কর্তৃক প্রদত্ত হইবে ও অবশিষ্ট ৪০ (চলি−শ) শতাংশ জনসাধারণ কর্তৃক প্রদানার্থে উন্মুক্ত থাকিবে;<br>(আ) বাংলাদেশের বাহিরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহা বাংলাদেশের বাহির হইতে তহবিল স্থানান্তরের মাধমে বাংলাদেশে জমা প্রদান করিতে হইবে; |

| ক্রম | আইনের ধারা | বর্তমান আইনের ধারা | সংশোধন,সংযোজনের ও বিয়োজনের প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | (খ) নন-লইফ ইন্স্যুরেন্স ব্যবসার জন্য-<br>(অ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ-নূ্যনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহার ৬০(ষাট) শতাংশ উদ্যোগত্তাগণ কর্তৃক প্রদত্ত হইবে ও অবশিষ্ট ৪০(চল্লিশ) শতাংশ জনসাধরণ কর্তৃক প্রদানার্থে উন্মুক্ত থাকিবে;<br>(আ) বাংলাদেশের বাহিরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহা বাংলাদেশের বাহির হইতে তহবিল স্থানান্তরের মাধ্যমে বাংলাদেশে জমা প্রদান করিতে হইবে | (খ) নন-লইফ ইন্স্যুরেন্স ব্যবসার জন্য-<br>(অ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ-ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহার ৬০(ষাট) শতাংশ **নিবন্ধণ সনদ গ্রহণকালে কোম্পানীর বিদ্যমান শেয়ারধারীগণ** কর্তৃক প্রদত্ত হইবে ও অবশিষ্ট ৪০(চল্লিশ) শতাংশ জনসাধরণ কর্তৃক প্রদানার্থে উন্মুক্ত থাকিবে;<br>(আ) বাংলাদেশের বাহিরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রেঃ- ন্যূনতম ৩০ (ত্রিশ) কোটি টাকা,যাহা বাংলাদেশের বাহির হইতে তহবিল স্থানান্তরের মাধ্যমে বাংলাদেশে জমা প্রদান করিতে হইবে; |